লেন্স এশিয়া

১৬ জানুয়ারী, ২০২৬

# আজ নাগরিক সমাজের উদ্যোগে খালেদা জিয়ার স্মরণে শোকসভা



সংগৃহীত ছবি

বৃহস্পতিবার রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউটে সংবাদ সম্মেলনে নাগরিক সমাজের পক্ষে অধ্যাপক মাহবুব উল্লাহ জানান, প্রয়াত প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে স্মরণে শোকসভা আয়োজন করেছে তারা।

অনুষ্ঠানটি শুক্রবার (১৬ জানুয়ারি) বেলা আড়াইটায়

সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় অনুষ্ঠিত হবে। বিএনপির চেয়ারম্যান তারেক রহমানও এতে উপস্থিত থাকবেন।

শোকসভায় অংশ নেওয়ার জন্য বিশিষ্ট নাগরিক, বুদ্ধিজীবী ও বিভিন্ন পেশার মানুষের প্রতি আহ্বান জানিয়েছে আয়োজক কমিটি। বিদেশি মিশনের প্রতিনিধি ও অন্যান্য আমন্ত্রিত অতিথিরাও অনুষ্ঠানে অংশ নেবেন। তবে আয়োজনটি স্ট্রিকলি পেশাজীবী সমাজের জন্য, কোনো রাজনৈতিক দলের সদস্য বক্তব্য রাখবেন না।

অনুষ্ঠানকে কেন্দ্র করে কঠোর নিয়মাবলী প্রণয়ন করা হয়েছে। অংশগ্রহণকারীদের সাদাকালো পোশাক পরিধান করতে বলা হয়েছে। সেলফি তোলা, হাততালি দেওয়া বা দাঁড়িয়ে থাকার অনুমতি নেই। প্রবেশের জন্য গেট নম্বর ৬ ব্যবহার করতে হবে, বের হতে হবে আসাদ গেট দিয়ে। গেট ১ ও ১২ দিয়ে আগত অতিথির গাড়ি পার্কিং করা হবে পুরাতন বাণিজ্য মেলার মাঠে, আর গেট ১২ (বকুলতলা) দিয়ে কেবল পায়ে হেঁটে প্রবেশ সম্ভব। অনুষ্ঠানস্থল দুপুর ১২টায় খুলবে।